**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আসন্ন এডিসি নির্বাচনে ২৮টি আসনে মোট ১৭৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিপুরার জম্পুই পাহাড়ের ভাংমুন গ্রামে রুফটপ রেইনওয়াটার হারভেস্টিং সিস্টেমের দৃষ্টান্ত আজ তাঁর মন কি বাতে তুলে ধরেন |**

**(৩) রাজ্যে এলপিজি গ্যাস ও পেট্রোল ডিজেলের সরবরাহ স্বাভাবিক রয়েছে বলেছেন, খাদ্য ও জনসংভরণ দপ্তরের সচিব দেবপ্রিয় বর্ধন।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় কসমোপলিটন ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে।**

*************************************************************

**ADC Election Candidate fray:**

আসন্ন এডিসি নির্বাচনে ২৮টি আসনের সবকটিতেই বহুমুখী প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে পাওয়া খবর অনুযায়ী সবচেয়ে বেশি ৯ জন করে প্রার্থী রয়েছেন ২টি আসনে। নতুনবাজার-মালবাসা এবং মহারাণী–চেলাগাঙ্গ আসনে। সবচেয়ে কম প্রার্থী রয়েছেন করমছড়ায় ৪ জন। এই নির্বাচনে মোট প্রার্থী রয়েছেন ১৭৩ জন। বিজেপি ও তিপরা মথা পার্টি ২৮টি আসনের সবকটিতে প্রতিদ্বন্দ্বিতা করছে। জাতীয় কংগ্রেস ২৭টি, সিপিআইএম ২৫টি, আইপিএফটি ২৪টি, সিপিআই ১টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে। এছাড়া, ২৬ জন নির্দল প্রার্থী ও অন্যান্য ১৪ জন প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। আগামী ১২ই এপ্রিল ভোট গ্রহণ এবং ১৭ই এপ্রিল ভোট

গননা করা হবে। এদিকে রাজ্য নির্বাচন কমিসনের সচিব অনুরাগ সেন আগরতলায় সাংবাদিকদের জানান নির্বাচনের পোস্টাল ব্যালট আগামী ৫ এপ্রিল দেওয়া হবে। পোস্টাল ব্যালটে ভোট হবে আগামী ৭ এবং ৮ এপ্রিল|

***************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, বর্তমান পরিস্থিতিতে সারা বিশ্বেই পেট্রোল ডিজেলের সংকট দেখা যাচ্ছে| আজ মন কি বাতে দেশবাসীর সাথে কথা বলতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন এই সময় একটি চ্যালেঞ্জের যেহেতু পশ্চিম এশিয়া ভারতের শক্তির চাহিদা পূরণের একটি মূল কেন্দ্র| প্রধানমন্ত্রী দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, ভারত কঠিন পরিস্থিতির মোকাবেলা করে বিজয়ী হবে যেমন ভাবে কোভিড মহামারীর সময় মোকাবিলা করা হয়েছিল| এই ইস্যু নিয়ে যারা রাজনীতি করছে তিনি তাদের সমালোচনা করে এই ধরনের কাজ থেকে বিরত থাকতে বলেন। প্রধানমন্ত্রী বলেন, এটি ১৪০ কোটি দেশবাসীর স্বার্থের ব্যাপার এবং এখানে ব্যক্তি রাজনীতির কোন স্থান নেই| তিনি আরো বলেন, যারা গুজব ছড়াচ্ছে তারা দেশেরই বড় ক্ষতি করছেন| প্রধানমন্ত্রী দেশের জনগণকে অনুরোধ করেন যাতে সকলেই সতর্ক থাকেন এবং গুজবে প্রভাবিত না হন। একমাত্র সরকারি তথ্যের উপরই নির্ভর করার জন্য প্রধানমন্ত্রী জনগণকে বলেন।

দেশের বিভিন্ন স্থানে আসন্ন শুখা মরসুমের উল্লেখ করে প্রধানমন্ত্রী জল সংরক্ষণের দায়বদ্ধতার কথা বলেন| ত্রিপুরা সহ দেশের বিভিন্ন অংশে বৃষ্টির জল সংরক্ষণ নিয়ে কিছু অনুপ্রেরণামূলক দৃষ্টান্ত তুলে ধরেন। তিনি বলেন, ত্রিপুরার জম্পুই পাহাড়ে ভাংমুন গ্রামে প্রতিটি বাড়িতে রুফটপ রেইনওয়াটার হারভেস্টিং সিস্টেম গড়ে তোলা হয়েছে|

###### PM Byte- Rain Water Harvesting ######

দেশের প্রতিটি প্রান্তে পি এম সূর্যঘর মুফত বিজলী যোজনা কার্যকরী হচ্ছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন৷ এই যোজনা দেশের উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন এলাকায় জনগণের উপকারে আসছে। তিনি বিশেষ করে ত্রিপুরার রিয়াং জনজাতিদের বিদ্যুৎ সমস্যার সমাধানে সোলার মিনিগ্রিড স্থাপনের করা উল্লেখ করেন| এরফলে গ্রামের সামাজিক জীবনেও পরিবর্তন এসেছে বলে প্রধানমন্ত্রী জানান|

######## PM Byte- Solar System ########

সবশেষে প্রধানমন্ত্রী দেশবাসীকে তাদের পারিপার্শ্বিক উদ্বুদ্ধ করনের ঘটনা অন্যদের সাথে ভাগ করে নেবার কথাও বলেন| তিনি বলেন, এই ধরনের ঘটনা প্রত্যন্ত এলাকার শ্রোতাদেরও উদ্বুদ্ধ করে যারা মন কি বাত শোনেন।

***************************

**Maan Ki Baat-Governor/CM:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ লোকভবনে মন কি বাতের ১৩২তম পর্ব শোনেন| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বড়জলায়বিজেপি মন্ডলের ২২ নম্বর বুথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত শোনেন।

***************************

**Food Dept:**

রাজ্যে এলপিজি গ্যাস ও পেট্রোল ডিজেল সরবরাহ স্বাভাবিক রয়েছে। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন খাদ্য ও জনসংভরণ দপ্তরের সচিব দেবপ্রিয় বর্ধন। তিনি বলেন, আর কে নগর এলপিজি সিলিন্ডার বটলিং করার কাজ আগের মতই স্বাভাবিক রয়েছে। এই প্ল্যান্ট থেকে রাজ্যের ৫ জেলায় এলপিজি সিলিন্ডার সরবরাহ করা হচ্ছে। এছাড়া শিলচর থেকে আসা গ্যাস সিলিন্ডারগুলি

রাজ্যের তিন জেলায় সরবরাহ করা হচ্ছে। রাজ্যে পিএনজি সিএনজি সরবরাহও স্বাভাবিক রয়েছে| তিনি জানান, রাজ্য ও জেলাস্তরে কন্ট্রোল রুম খোলা হয়েছে। কারোর কোন অভিযোগ থাকলে এই কন্ট্রোলরুমে যোগাযোগ করার তিনি অনুরোধ জানিয়েছেন। তিনি জানান, প্রতিনিয়ত পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে। কালোবাজারি রুখতেও নজরদারি করা হচ্ছে| সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন দপ্তরের অধিকর্তা সুমিত লোধ, আইওসি স্টেট লেভেল কোর্ডিনেটর প্রমিত ধর।

***************************

**Manik Sarkar:**

সিপিএম ডুকলি বিভাগীয় কমিটির সম্মেলন আজ মেলারমাঠ ভানু ঘোষ স্মৃতি ভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার। তিনি কেন্দ্র ও রাজ্য সরকারের সমালোচনা করেন| সম্মেলনে বক্তব্য রাখেন সি পি আই (এম) পশ্চিম জেলা কমিটির সম্পাদক রতন দাস, বিধায়ক রামু দাস, ডি ওয়াই এফ আই রাজ্য সম্পাদক নবারুন দেব প্রমুখ।

***************************

**First Division Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় কসমোপলিটন ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। লিগ পর্বের শেষ খেলায় আজ এম বি বি স্টেডিয়ামে কসমোপলিটন ক্লাব ১৩৬ রানের বড় ব্যবধানে মৌচাক ক্লাবকে পরাজিত করে। ফলে ৭ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে খেতাব পায় এবং সেই সাথে আগামী মরশুমে সুপার ডিভিশন খেলার ছাড়পত্র আদায় করে নেয়। আসরের অপর দুটি ম্যাচ নরসিংগড়ের পিটিএ মাঠে ইউনাইটেড বি এস টি ১ উইকেটে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে এবং টিআইটি মাঠে পোলস্টার ক্লাব ৫ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে হারিয়ে দেয়।

***************************

**Cricket:**

আর. কে নগরে আজ নীপকো মাঠে আয়োজিত টি–২০ ক্রিকেট প্রতিযোগিতায় নীপকোকে ৪৬ রানে পরাজিত করেছে জে.আর.সি। প্রথমে ব্যাট করতে নেমে জে.আর.সি ২০ ওভারে নয় উইকেট হারিয়ে ১৭২ রান সংগ্রহ করতে সক্ষম হয়।

***************************

**Kajal Smiti Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় সাই এস টি সি ৫-0 গোলে আসাম রাইফেলস স্কুলকে পরাজিত করে। পরে দ্বিতীয় খেলায় সুধন্য দেববর্মা মেমোরিয়াল স্কুল কোচিং সেন্টার ৫-0 গোলে প্রনবানন্দ বিদ্যাভবনকে হারিয়ে দেয়।

***************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, খোয়াই, উত্তর, ঊনকোটি ও পশ্চিম জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। অন্যান্য জেলাগুলিতেও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২0.২ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************